জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

নিয়োগ বিজ্ঞপ্তি

নং-জাবি/রেজি/টিচিং/২০২৬-২০২৭/০২/২৯৩৭ তারিখ : ০১-১১-২০২৬

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নেবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

বিভাগ/ইনস্টিটিউট	পদের নাম	পদের সংখ্যা
১। প্রত্নতত্ত্ব বিভাগ	প্রভাষক (স্থায়ী)	২টি
২। ইংরেজি বিভাগ	প্রভাষক (স্থায়ী)	৩টি
৩। ভূগোল ও পরিবেশ বিভাগ	প্রভাষক (স্থায়ী)	১টি
	প্রভাষক (অস্থায়ী) (২টি শূন্য স্থায়ী সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)	২টি
৪। সরকার ও রাজনীতি বিভাগ	প্রভাষক (অস্থায়ী) (১টি শূন্য স্থায়ী প্রভাষক পদের বিপরীতে) (১টি শূন্য স্থায়ী সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)	২টি
৫। ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ	প্রভাষক (স্থায়ী)	২টি
৬। পদার্থবিজ্ঞান বিভাগ	প্রভাষক (স্থায়ী)	৩টি

জাতীয় বেতন স্কেলে ২০২৬ অনুযায়ী বেতনক্রম : প্রভাষক : ৪৪,০০০-১,০৫,৯০০/-

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রভাষক : প্রত্নতত্ত্ব বিভাগ, ইংরেজি বিভাগ, ভূগোল ও পরিবেশ বিভাগ, সরকার ও রাজনীতি বিভাগ

প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ন্যূনতম ৪.২৫ (৫.০০ স্কেলে), বাণিজ্য ও মানবিক শাখায় জিপিএ ন্যূনতম ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের প্রত্নতত্ত্ব/ইংরেজি/ভূগোল ও পরিবেশ/সরকার ও রাজনীতি বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। প্রকাশনা থাকলে জার্নালের নাম উল্লেখপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

প্রভাষক : ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ, পদার্থবিজ্ঞান বিভাগ

প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ন্যূনতম ৪.৫০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের ভূতাত্ত্বিক বিজ্ঞান/পদার্থবিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। প্রকাশনা থাকলে জার্নালের নাম উল্লেখপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য :

ক) প্রার্থীদের স্নাতকোত্তর পরীক্ষার ফল প্রকাশিত না হলে প্রভাষক পদে আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

খ) চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

গ) শিক্ষক নিয়োগের জন্য ২০২৫ সালের শিক্ষক নিয়োগ নীতিমালা ০৪-১২-২০২৫ তারিখে অনুমোদিত হয়েছে বিধায় ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগে স্থায়ী প্রভাষক পদে নিয়োগের জন্য গত ২১-০৪-২০২৪ তারিখের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে এবং পদার্থবিজ্ঞান বিভাগে স্থায়ী প্রভাষক পদে নিয়োগের জন্য গত ০৩-০১-২০২৪ ও ২১-০৪-২০২৪ তারিখের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে ইতিপূর্বে যাঁরা আবেদন করেছিলেন তাঁদেরকে পুনরায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো। তবে তাঁদের ৬০০/-(ছয়শত) টাকার আবেদন ফি জমা দিতে হবে না।

ঘ) ০৪-১২-২০২৫ তারিখে অনুমোদিত শিক্ষক নিয়োগ নীতিমালা অনুযায়ী বিজ্ঞাপিত পদসমূহে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে (নীতিমালাটি www.juniv.edu-এ দেখা যেতে পারে)।

আবেদন প্রক্রিয়া:

প্রার্থীকে jobs.juniv.edu ওয়েবসাইটে অনলাইনে ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড/মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে বর্ণিত পদসমূহে ১৫-১১-২০২৬ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে আবেদন করতে হবে। আবেদন ফি ৬০০/- (ছয়শত) টাকা এবং আবেদন ফি'র সাথে ১.২০% সার্ভিস চার্জ আবেদনকারীকে প্রদান করতে হবে। অনলাইনে আবেদন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হলে প্রার্থী তাঁর পূরণকৃত আবেদন ফরম এবং পেমেন্ট রশিদ ডাউনলোড করতে পারবেন। ডাউনলোডকৃত আবেদন ফরমটি প্রিন্ট করে পেমেন্ট রশিদসহ ০৫ (পাঁচ) সেট আবেদনপত্র রেজিস্ট্রার অফিসে আগামী ১৬-১১-২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টার মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। আবেদনপত্রের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত ও অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

sign in/sign up প্রক্রিয়ার বিস্তারিত তথ্য জানতে QR কোড স্ক্যান করুন-

স্বাক্ষরিত/-রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)